রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২১০-আইন/আয়কর/২০১৭।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আইন, ২০১৫ (২০১৫ সনের ১৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২২ এর অধীন গঠিত কোন প্রকল্প কোম্পানি কর্তৃক উক্ত আইনের ধারা ১৪ অনুযায়ী অনুমোদিত নিম্ন সারণীতে উল্লিখিত পিপিপি প্রকল্প পরিচালনার জন্য উক্ত প্রকল্প কোম্পানিতে নিয়োগকৃত বিদেশী প্রকর্মীকে (technician) নিয়োগের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য ৫০% (পঞ্চাশ শতাংশ) হারে কর অব্যাহতি সুবিধা প্রদান করিল, যথাঃ—

**সারণী**

| ক্রম | পিপিপি প্রকল্প |
|---|---|
| (১) | National Highways or Expressways and related Service Roads |
| (২) | Flyovers |
| (৩) | Elevated and At-Grade Expressways |

| | |
|---|---|
| (৪) | River Bridges |
| (৫) | Tunnels |
| (৬) | River port |
| (৭) | Sea port |
| (৮) | Airport |
| (৯) | Subway |
| (১০) | Monorail |
| (১১) | Railway |
| (১২) | Bus Terminals |
| (১৩) | Bus Depots |
| (১৪) | Elderly care home: |

তবে শর্ত থাকে যে,—

(ক) উক্ত কোম্পানির বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ হইবার পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হইলে, উক্ত বিদেশী প্রকর্মী উক্তরূপ সুবিধা প্রাপ্য হইবেন না;

(খ) উক্তরূপ অব্যাহতি সুবিধা গ্রহণের পূর্বে উক্ত বিদেশী প্রকর্মীকে—

(অ) ১২-ডিজিট Taxpayer's Identification Number গ্রহণ করিতে হইবে; এবং

(আ) উক্ত Ordinance এর section 75 এর বিধান অনুযায়ী আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd